# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 30-09-2025 Time: 7.35 A.M.

---

**বিশেষ বিশেষ খবর –**

১) শারদীয়া দুর্গাপুজোর আজ মহাষ্টমী। মন্ডপে মন্ডপে ও বনেদী বাড়িগুলিতে শুরু হয়ে গেছে মহাষ্টমী বিহিত পুজোর প্রস্তুতি।

২) সপ্তমীর রাতভর মহানগরীর বিভিন্ন নামী পুজো মন্ডপে ছিল উপচে পড়া ভিড়। বিভিন্ন জেলাতেও চোখে পড়েছে একই ছবি।

৩) যাত্রী সাধারণের সুবিধার্থে পুজোর দিনগুলিতে পূর্ব রেলের হাওড়া ডিভিশন পয়লা অক্টোবর পর্যন্ত ৮টি অতিরিক্ত ট্রেন চালাচ্ছে। মেট্রোরেলও বিভিন্ন লাইনে নবমী পর্যন্ত সারারাত বিশেষ ট্রেন পরিষেবা দিচ্ছে।

৪) পর্যাপ্ত নিরাপত্তার আশ্বাস না মেলায় এফ সি কাপ ফুটবল খেলতে ইরান গেলনা মোহনবাগান সুপার জায়ান্ট।

---

আজ শারদীয়া দুর্গোৎসবের মহাষ্টমী। সকাল থেকেই দেবী দুর্গার কল্পারম্ভ ও অষ্টমী বিহিত পুজোর প্রস্তুতি শুরু হয়ে গেছে।

(ঢাকের আওয়াজ)

মহাষ্টমীতে অনেক জায়গায় কুমারী পুজোর আয়োজন করা রয়েছে। কুমারী বালিকার মধ্যে বিশুদ্ধ নারীর রূপ কল্পনা করে তাকে দেবি জ্ঞানে পুজো করেন ভক্তমন্ডলী। বেলুড় মঠে যথোচিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে অষ্টমী পুজো। অন্যান্য বারের মতো এবারেও মঠে কুমারী পূজার আয়োজন করা হয়েছে। কুমারী পুজো দেখতে সকাল থেকে অগণিত ভক্ত বেলুড় মঠে ভিড় করেছেন। বাগবাজার সহ অন্যত্র আজ বীরাষ্টমী পালন করা হচ্ছে। অষ্টমী তিথি আজ বেলায় শেষ হবে। তার চব্বিশ মিনিট আগে থেকে শুরু হবে সন্ধি পুজা।

জেলাগুলিতে চলছে মহাষ্টমী পুজোর প্রস্তুতি।

---------------------

আবহাওয়া অনুকূল থাকায় সপ্তমীর রাতভর মেট্রো ও শহরতলীর ট্রেন পরিষেবা চালু থাকায় উত্তর থেকে দক্ষিণ বা পূর্ব থেকে পশ্চিমের পুরস্কার জিতে নেওয়া শ্রেষ্ঠ মন্ডপে ছিল অবিরাম জনস্রোত। কোথাও সাবেকিয়ানা কোথাও আবার থিমের চমক। রাত বাড়ার সঙ্গে সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে দর্শনার্থীদের উপচে পড়া ভিড়। সকালে ক্লান্ত শরীরে অনেকেই এখন ঘরমুখো।

---------------------

জেলার বিভিন্ন পুজো মন্ডপে সপ্তমীর রাতে ছিল জনস্রোত। আলোকসজ্জা ও মন্ডপের অভিনবত্বে প্রতিটি পুজোই স্বতন্ত্রতার দাবি রাখে।

নদীয়ার অন্যতম আকর্ষণ কৃষ্ণনগর রাজবাড়ির পুজো। পঙ্খ অলংকৃত রাজবাড়ীর নাট মন্দিরে পুজিত হয় রাজরাজেশ্বরী। এখনও সাবেকি নানার রীতি মেনে চলে এই পুজো। রানাঘাট সড়কপাড়ার একের পল্লী দুর্গোৎসব এবারে ৮২ বছরে পড়েছে। রানাঘাট মাহুত পাড়ায় নব কল্যাণ সংঘের পুজো এবার পড়ল ৭৫ বছরে। পরিবেশবান্ধব

পাট জাত দ্রব্য দিয়ে মন্ডপ সজ্জা করা হয়েছে। তাহেরপুর বাদকুল্লা রানাঘাটের মন্ডপগুলিতে গতসন্ধ্যায় দর্শনার্থীদের ঢল নামে।

ভারত সরকার স্বীকৃত পর্যটন গ্রাম মুর্শিদাবাদের কথিত সতী পীঠ কিরীটিশ্বরী মন্দিরের রাজরাজেশ্বরীর পুজোয় মুসলিম প্রজার বাড়ি থেকে কাপড় পরে আসে বিশেষ মাছ। তাতেই রান্না হয় মায়ের ভোগ।

মহা অষ্টমীর দিন গুপ্ত মন্দিরে অধিষ্ঠাত্রী দেবী রাজ রাজেশ্বরী রূপে পূজিত হন। ৪০০ বছরের বেশি পুরোনো লৌকিক এই উৎসব সম্প্রীতির উৎসব হিসেবে মূর্শিদাবাদ জেলায় খ্যাতি পেয়েছে।

পূর্ব পুরুষদের ঐতিহ্য বজায় রেখে ৩৫০ বছর ধরে পুজো হয়ে আসছে মালদায় আদি কংস বণিক সম্প্রদায়ের দুর্গাপুজো। এখানে পুজোর নৈবেদ্যের আয়োজন থেকে সমস্ত কিছুর দায়িত্ব পালন করেন পুরুষেরা। মহিলারা শুধু পুজোর আনন্দে শামিল হন। জলপাইগুড়ি জেলায় মহাষ্টমীতে রামকৃষ্ণ মিশন আশ্রমের কুমারী পূজা দেখতে ভীড় জমান অসংখ্য ভক্তবৃন্দ। পাশাপাশি রাজবাড়ীর কুমারী পূজা হয়ে আসছে ৫১৬ বছর ধরে।

---------------------

পুজোর মধ্যে অশান্তি এড়াতে মুর্শিদাবাদের সামশেরগঞ্জে এলাকা জুড়ে লাগানো হয়েছে সিসিটিভি। সামশেরগঞ্জ থানায় খোলা হয়েছে কন্ট্রোল রুম। উল্লেখ্য চলতি বছর ৮ এপ্রিল থেকে ওয়াকফ আইনের বিরোধিতায় যে আন্দোলন গড়ে ওঠে তা হিংসাত্মক রূপ নেয়। বহু বাড়িতে অগ্নি সংযোগ ভাঙচুর লুঠপাটের ঘটনা ঘটে।

---------------------

আবহাওয়া অনুকূল থাকায় এবছরে পদ্মর দাম যথেষ্ট কম। অষ্টমীতে এক একটি পদ্ম মিলছে ১০ টাকায়। সারা বাংলা ফুলচাষী ও ফুলব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক বলেন, অন্যান্য বছরের তুলনায় এ বছর পদ্মের ব্যাপক ফলন হওয়ায় কলকাতার মল্লিকঘাট ফুলবাজার সহ রাজ্যের বিভিন্ন জেলাগুলির ফুলবাজারে পদ্মের দাম কমেছে।

বাইট

---------------------

সোনার গয়নায় সাজানো শহরের তেরোটি প্রতিমার নিরাপত্তায় কলকাতা পুলিশ বিশেষ ব্যবস্থা গ্রহন করেছে। ১৩টির মধ্যে ১১টি মন্ডপে দুইজন করে সশস্ত্র পুলিশ মোতায়েন থাকছে। মধ্য কলকাতার মুচিপাড়া ও বেনিয়াপুকুর এলাকার দুটি মন্ডপে দুজন করে সশস্ত্র পুলিশ ছাড়াও দুজন পুলিশ আধিকারিক টহল দিচ্ছেন। এছাড়াও পুজো মন্ডপগুলিতে সিসিটিভির মাধ্যমে নজরদারি চালানো হচ্ছে।

---------------------

এই উৎসব বাঙালির প্রাণের উৎসব। সমাজের সর্বস্তরের সবরকম মানুষের অংশগ্রহণেই এর সার্থকতা। পুজোর এই আলোর রোশনাই সকলের কাছে পৌঁছে দিতে সক্রিয় হয়েছেন আমাদেরই কয়েকজন সহ নাগরিক। তাঁদের সম্মান জানাতে আজকের এই প্রতিবেদন।

ভয়েসকাস্ট

---------------------

পুজোর দিনগুলিতে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন গত রাত থেকে পয়লা অক্টোবর রাত পর্যন্ত শহরতলী ব্যান্ডেল, তারকেশ্বর, এবং বর্ধমান মেন এবং

কর্ড লাইনে মোট আটটি অতিরিক্ত EMU ট্রেন চালাবে। ট্রেনগুলি রাত পৌনে একটা থেকে পৌনে দুটোর মধ্যে ছাড়বে।

এছাড়া, দুর্গা পুজা উপলক্ষ্যে দোসরা অক্টোবর পর্যন্ত, লক্ষ্মী পুজোর জন্য ৬ই অক্টোবর এবং কালীপূজা উপলক্ষ্যে আগামী বিশে অক্টোবর বিকেল ৩ টে পর্যন্ত হাওড়া ডিভিশনের সমস্ত EMU লোকাল রবিবারের সময় সূচি অনুসারে চালানো হবে বলে রেল সূত্রের খবর।

---------------------

দর্শণার্থীদের সুবিধার্থে মেট্রোরেল তাদের বিভিন্ন রুটে পুজোর তিনদিন ভোর রাত পর্যন্ত বিশেষ ট্রেন চালাচ্ছে। নবমী পর্যন্ত শহীদ ক্ষুদীরাম ও দক্ষিণেশ্বরের মধ্যে দুপুর একটা থেকে পরদিন ভোর চারটে পর্যন্ত আপ ও ডাউন মিলিয়ে মোট ২৪৬ টি ট্রেন চালানো হবে। এই দিনগুলিতে হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ অর্থাত্ গ্রীন লাইনে দুপুর দেড়টা থেকে ভোর চারটে ১৮ মিনিট পর্যন্ত আপ ও ডাউনে মোট ১৯২ টি, ইয়ালো লাইন অর্থাত্ নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমানবন্দরের মধ্যে দুপুর তিনটে থেকে রাত ১০ টা ৫০ মিনিট পর্যন্ত ৬২ টি ট্রেন চলাচল করবে।

জোকা মাঝেরহাট রুটেও দুপুর তিনটে থেকে রাত ১০ টা ৫৫ মিনিট অবধি দশমী পর্যন্ত চলছে বিশেষ ট্রেন।

---------------------

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি

কিভাবে মোদী সরকার শিক্ষা ক্ষেত্রে সংস্কারের মাধ্যমে ভারতের যুবসমাজকে ক্ষমতায়িত করছে এবং জাতিকে জ্ঞানের পরাশক্তিতে পরিণত করতে সাহায্য করছে।

একটি প্রতিবেদন

---------------------

পর্যাপ্ত নিরাপত্তার আশ্বাস না মেলায় এফ সি কাপ ফুটবল খেলতে ইরান গেলনা মোহনবাগান সুপার জায়ান্ট। আজ এই মোহনবাগান সুপার জায়ান্ট ও সেপাহান এফ সির বিরুদ্ধে এশিয়ান চ্যাম্পিয়নস লিগ টু, এর ম্যাচটি অনুষ্ঠিত করার কথা ছিল। এই ম্যাচটি নিরপেক্ষ স্থানে দেওয়ার জন্য এ এফ সীর কাছে আগেই আবেদন জানায়। কিন্তু কোনো সদুত্তর না মেলায় মোহনবাগানের পক্ষ থেকে কোর্ট অফ আরবিট্রেশনে আর্জি জানানো হয়। তবে এর কোনো জবাব মেলেনি।

--------------------- ---------------------